



স্মারক নং- ৫৯.১৪.৯০০০.০৬১.০৬.০০২.২৫- ২০৬৫

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

এমবিবিএস কোর্সে ভর্তির নোটিশ


স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর- এর স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১৩২৪ তারিখঃ ১৪-১২-২০২৫ খ্রিঃ মূলে অত্র সুনামগঞ্জ মেডিকেল কলেজ, সুনামগঞ্জ ভর্তির জন্য নির্বাচিত ছাত্রছাত্রীদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এম.বি.বি.এস. কোর্সে ভর্তির কার্যক্রম আগামী ১১-০১-২০২৬খ্রিঃ হইতে ১৮-০১-২০২৬খ্রিঃ (সরকারি ছুটি দিন ও শনিবার ব্যতিত) অফিস চলাকালীন সময়ে ভর্তি করা হইবে। উল্লেখিত তারিখ ও সময় নির্বাচিত ছাত্রছাত্রীদেরকে নিয়মবর্তিত কাগজপত্রাদিসহ অত্র মেডিকেল কলেজের প্রশাসনিক ব্লকের অফিস শাখায় উপস্থিত থাকিয়া ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হইল।

প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকাঃ

- ০১। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র।
- ০২। এইচএসসি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।
- ০৩। এমবিবিএস ভর্তি পরীক্ষার স্ব স্ব রেজাল্ট সীট।
- ০৪। এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র।
- ০৫। এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদপত্র ও প্রশংসা পত্র।
- ০৬। স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত মূল নাগরিক সনদপত্র।
- ০৭। ৬ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রশ্মি ছবি।
- ০৮। পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলার প্রশাসক কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র।
- ০৯। ছাত্র/ছাত্রীর জাতীয় পরিচয়পত্র / জন্ম নিবন্ধন এবং পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
- ১০। বৃত্তিপ্রাপ্ত ছাত্র ছাত্রীদের শিক্ষাবোর্ড কর্তৃক প্রকাশিত বৃত্তি গেজেট, ব্যাংক হিসাব নম্বর দাখিল করিতে হইবে।
- ১১। প্রবেশ পত্রে প্রার্থীর স্বাক্ষর ও ছবির সাথে আবেদনপত্রের দেওয়া ছবি ও স্বাক্ষরের মিল থাকিতে হইবে।

বিঃদ্রঃ

১. সকল কাগজপত্রের ০১ (এক) কপি মূল ও ০১ (এক) কপি সত্যায়িত ফটোকপি।
২. অনলাইনে আবেদনপত্রে উল্লেখিত তথ্যাদির স্বপক্ষে পরীক্ষার্থী কর্তৃক প্রমাণক প্রদানে ব্যর্থ হইলে বা প্রমানকৃত তথ্য অসত্য বলে প্রতীয়মান হইলে যে কোন সময় তাহার ভর্তি বাতিল পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ হইবে।
৩. বর্ণিত তারিখ ও সময়ের পর ভর্তি করা কোন ভাবেই সম্ভব হইবে না।


(অধ্যাপক ডা. মোস্তাক আহম্মদ ভূইয়া)
অধ্যক্ষ
সুনামগঞ্জ মেডিকেল কলেজ, সুনামগঞ্জ
sunamganjmc@ac.dghs.gov.bd

স্মারক নং- ৫৯.১৪.৯০০০.০৬১.০৬.০০২.২৫- ১০৫৬

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ০১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। (দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
- ০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
- ০৩। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
- ০৪। পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ০৫। বিভাগীয় প্রধান (সকল), অত্র মেডিকেল কলেজ।
- ০৬। সভাপতি/সদস্য, নিরীক্ষা/যাচাই কমিটি, স্বাস্থ্য পরীক্ষা/মেডিকেল বোর্ড, অত্র মেডিকেল কলেজ।
- ০৭। নোটিশ বোর্ড, অফিস/ছাত্রাবাস/ছাত্রী নিবাস, অত্র মেডিকেল কলেজ।

বিঃ দ্রঃ ভর্তি সংক্রান্ত যে কোন প্রয়োজনে যোগাযোগঃ

মোঃ মতিনুল ইসলাম (অফিস সহকারী)

মোবাইলঃ ০১৮৩১-০৪১৩৯২

Whatsapp Help line QR Code:



(অধ্যাপক ডা. মোস্তাক আহম্মদ ভূইয়া)
অধ্যক্ষ
সুনামগঞ্জ মেডিকেল কলেজ, সুনামগঞ্জ
sunamganjmc@ac.dghs.gov.bd